তারিখ 08 APR 2016
পৃষ্ঠা ২০ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক



# গ্লোবাল পাবলিক হেলথ পদক পেলেন ফজলে হাসান আবেদ

■ ইত্তেফাক রিপোর্ট

বিশ্বব্যাপী দরিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্যোন্নয়নে অবদান রাখার স্বীকৃতি হিসেবে 'টমাস ফ্রান্সিস জুনিয়র মেডেল অব গ্লোবাল পাবলিক হেলথ' পদক পেয়েছেন ব্র্যাকের প্রতিষ্ঠাতা ও চেয়ারপার্সন স্যার ফজলে হাসান আবেদ। ডায়রিয়ার চিকিৎসায় বিজ্ঞানসম্মত প্রতিরোধ ব্যবস্থার প্রসারে ভূমিকা রাখায় তিনি এই পদক পেয়েছেন। বুধবার দিবাগত রাতে যুক্তরাষ্ট্রের মিশিগান ইউনিভার্সিটির প্রেসিডেন্ট মার্ক শ্লিসেল আনুষ্ঠানিকভাবে তাঁকে এই পদক প্রদান করেন বলে ব্র্যাকের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

টমাস ফ্রান্সিস জুনিয়র ছিলেন মিশিগান ইউনিভার্সিটির মহামারী রোগ বিশেষজ্ঞ, যাঁর তত্ত্বাবধানে ডক্টর জোনাস স্যাল্ক .পৃষ্ঠা ২ কলাম ২

## গ্লোবাল পাবলিক হেলথ

২০ পৃষ্ঠার পর

পোলিও ভ্যাকসিনের উন্নয়নে অবদান রাখেন। তাঁরই সম্মানে জরুরি বৈশ্বিক স্বাস্থ্য চ্যালেঞ্জ মোকাবিলায় ভূমিকা রাখার জন্য বিশ্বের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গকে এই পুরস্কার প্রদান করা হয়।

পুরস্কার প্রদান অনুষ্ঠানে স্যার ফজলে আবেদ বলেন, বৈশ্বিক উন্নয়নের ক্ষেত্রে নতুন ও কার্যকর কলাকৌশলের অভাব নয় বরং এর কার্যকারিতা, ফলপ্রসূতা ও বিস্তারের ক্ষেত্রে আমরা পিছিয়ে রয়েছি। বর্তমানে নতুন নতুন প্রযুক্তি দারিদ্র্য নিরসনের ক্ষেত্রে প্রচুর সম্ভাবনা জাগিয়ে তুলেছে। তবে আমরা যেন ভুলে না যাই যে, অনেক সমাধান ইতিমধ্যেই আমরা পেয়ে গেছি। কাজেই কীভাবে আমরা লক্ষ লক্ষ লোকের কাছে আমাদের সেবা পৌঁছে দিতে পারি এটাই হওয়া উচিত আমাদের মূল লক্ষ্য।